



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১



স্মারক নং : বামাশিবো/পরী/দাখিল-২০১৮ /১৩৭৫

তারিখঃ ১৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

বিষয় : দাখিল পরীক্ষা ২০১৮ এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৪০), শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪২) এবং ক্যারিয়ার শিক্ষা (১৪৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, দাখিল পরীক্ষা ২০১৮ এর অংশগ্রহণকারী সকল নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৪০), শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪২) এবং ক্যারিয়ার শিক্ষা (১৪৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করে প্রাপ্ত নম্বর মাদ্রাসা প্রধান সংরক্ষণ করবেন। প্রবেশপত্র পাওয়ার পর বৈধ পরীক্ষার্থীদের নাম, রোল ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর গালাসীলযুক্ত খামে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমা দিবেন। তত্ত্বীয় পরীক্ষা শেষে কেন্দ্র সচিব অন্যান্য বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর এর সাথে বর্ণিত বিষয়ের প্রাপ্ত নম্বর বোর্ড নির্ধারিত ০৬-০৩-২০১৮ তারিখের মধ্যে অনলাইনে প্রেরণ করবেন এবং হার্ডকপি হাতে হাতে বোর্ডে জমা দিবেন।

ব্যবহারিক পরীক্ষার নম্বর বন্টন নিম্নরূপ

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৪০):

➤ যন্ত্র/উপকরণ সংযোজন ও ব্যবহার/সঠিক প্রক্রিয়া অনুসরণ/উপাত্ত সংগ্রহ ও প্রক্রিয়াকরণ/পর্যবেক্ষণ/অঙ্কন/শনাক্তকরণ/অনুশীলন	:	১৫ নম্বর
➤ প্রতিবেদন প্রণয়ন	:	৫ নম্বর
➤ মৌখিক অভীক্ষা	:	৫ নম্বর
মোট	:	২৫ নম্বর

২. শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪২):

➤ ১ টি খেলা প্রদর্শন	:	১২ নম্বর
➤ ১ টি শরীরচর্চা প্রদর্শন	:	৮ নম্বর
➤ মৌখিক অভীক্ষা	:	৫ নম্বর
মোট	:	২৫ নম্বর

৩. ক্যারিয়ার শিক্ষা (১৪৫):

➤ এসাইনমেন্ট/প্রজেক্ট/অনুশীলন/ব্যবহারিক	:	২০ নম্বর
➤ মৌখিক অভীক্ষা	:	৫ নম্বর
মোট	:	২৫ নম্বর

বিঃ দ্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৪০), শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪২) এবং ক্যারিয়ার শিক্ষা (১৪৫) বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মাদ্রাসা কর্তৃক প্রদত্ত হাজিরাপত্র অন্যান্য ব্যবহারিক বিষয়ের স্বাক্ষরলিপির সঙ্গে বোর্ডে জমা দিতে হবে।

২৯.০১.১৮

(এস.এম.মোর্শেদ বিপুল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১০২০২, ফ্যাক্স-৫৮৬১৭৯০৮।

e-mail: controller@bmeb.gov.bd

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল
মাদ্রাসা প্রধান/কেন্দ্র সচিব (দাখিল পরীক্ষা-২০১৮)